গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ
রাজস্ব (এসএ) শাখা
www.habiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০১৮.০২.০০৬.২২.১ তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯ / ৭ মার্চ ২০২৩

বিষয়: হবিগঞ্জ জেলার সিলিকা বালু কোয়ারিসমূহ ১৪৩০-১৪৩১ (১৪৩০ থেকে ৩০ চৈত্র ১৪৩১) বাংলা সন মেয়াদে ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ।

**হবিগঞ্জ জেলার সিলিকা বালু কোয়ারিসমূহ ১৪৩০-১৪৩১ (১৪৩০ থেকে ৩০ চৈত্র ১৪৩১) বাংলা সন মেয়াদে ইজারা বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার ইজারাযোগ্য ০৯ (নয়) টি সিলিকা বালু কোয়ারি ১৪৩০ থেকে ১৪৩১ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা দেওয়ার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলির অধীনে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছ থেকে নিম্নোক্ত দিনপঞ্জি মোতাবেক অনলাইনে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

**দিনপঞ্জি**

| **দরপত্রের পর্যায়** | **দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ ও সময়** | **অনলাইনে দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়** | **অনলাইনে পূরণকৃত আবেদনের কপি এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা প্রদানের তারিখ ও সময়** | **দরপত্র খোলার তারিখ ও সময়** |
|---|---|---|---|---|
| ১ম | ০৭.০৩.২০২৩ সময় : সকাল ৯:০০ টা | ২২.০৩.২০২৩ সময় : বিকাল ১১:৫৯ টা | ২৩.০৩.২০২৩ সময় : সকাল ৯:০০ টা - বিকাল ২:০০ টা | ২৩.০৩.২০২৩ সময় : বিকাল ২:৩০ টা |
| ২য় | ২৪.০৩.২০২৩ সময় : সকাল ৯:০০ টা | ১১.০৪.২০২৩ সময় : বিকাল ১১:৫৯ টা | ১২.০৪.২০২৩ সময় : সকাল ৯:০০ টা - বিকাল ২:০০ টা | ১২.০৪.২০২৩ সময় : বিকাল ২:৩০ টা |
| ৩য় | ১৩.০৪.২০২৩ সময় : সকাল ৯:০০ টা | ২৯.০৪.২০২৩ সময় : বিকাল ১১:৫৯ টা | ৩০.০৪.২০২৩ সময় : সকাল ৯:০০ টা - বিকাল ২:০০ টা | ৩০.০৪.২০২৩ সময় : বিকাল ২:৩০ টা |

# ইজারাযোগ্য সিলিকাবালু কোয়ারির তালিকা

| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | আয়তন (একর) | সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | দেওছড়া | দাড়াগাঁও চা বাগান | ৮৩ | ৬৬, ৭০, ৯৬, ৯৯, ১৯৯, ৩৫৭, ৩৯৪, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৪৩৮, ৪৩৯, ৪৪৯, ৭৪৯, ৪৭, ৬৫ | ১১.৮৬ | ৪০১৭৭৫০ | |
| | | হাজী কামাল পুর | ৭৮ | ৬২৭ | | | |
| **ক্রঃ নং** | **কোয়ারির নাম** | **মৌজার নাম** | **জেএল নং** | **দাগ নং** | **আয়তন (একর)** | **সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা)** | **মন্তব্য** |
| ২ | সুতাং নদী "গ" অংশ | দেওড়গাছ | ১০৭ | ৫৯, ৯৬, ১০৩৮ | ২৭.৪৬ | ২৮৩৫০০০০ | |
| | | চান্দপুর চা বাগান | ১১১ | ৫০১, ৫৮০, ৯৪৬, ১৬১০, ১৬৫১, ২০২৬ | | | |
| | | চান্দপুর | ১১০ | ২৯৩, ২৯৬ | | | |
| | | এনাতাবাদ | ১০৯ | ২৬১ | | | |
| | | মারুলউড়া চক | ৬২ | ৪২৮, ৪৬১, ৪৬৫, ৪২৭ | | | |
| **ক্রঃ নং** | **কোয়ারির নাম** | **মৌজার নাম** | **জেএল নং** | **দাগ নং** | **আয়তন (একর)** | **সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা)** | **মন্তব্য** |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩ | সুতাং নদী "খ" অংশ | পঞ্চাশ | ২৫ | ১৪৮৯, ১৪৮৪, ১৪৮৩, ১৮৭২, ১৯০৬, ১৯০৭, ১৯১২, ২০৭১, ২০৫৭, ২০৫৬, ২০৫৫, ২০৫২, ২৪৬৬, ২৪১৭, ২৪৬৮, ২৪৬১, ২৫৭৪, ২৫৪৫, ২৫৪২, ২৫৪১ | ৪৭.৬২ | ৮৭৮১৮৭১ | |
| | | ফন্দ্রাইল | ৩৪ | ১৫৯, ১৬২ | | | |
| | | হলহলিয়ে দেউন্দি | ২৮ | ৩৯১, ৩৯৯, ১৯৯ | | | |
| | | ফুলপুর | ৩২ | ৩২, ১৮৩, ১৬৫, ১৬৩, ৩৯২, ৩৯০, ৫০৯, ৬৬২, ৮৩২, ৮৩৩, ১, ১১, ২৬, ৩১ | | | |
| | | উজাইলপুর | ৩১ | ১০২, ৮৮, ৮৬, ১১৭, ২৩৫, ৩১৫ | | | |
| | | মারেলওয়ারা | ৫৮ | ৪১, ১৭১, ৫২২ | | | |
| | | গাজীপুর | ৩০ | ৪৩১, ১৬৭, ১৬৬ | | | |
| | | লস্করপুর চা বাগান | ১১৪ | ৩২৫ | | | |
| | | ধলিযাবড় | ১১৩ | ৮৫, ১১৮, ১৪৫ | | | |
| | | দৌলত খাঁ | ১১২ | ১, ২৮৭, ৫৩২ | | | |
| | | মারেলউড়া চক | ৬২ | ৪২৫, ৪২৬ | | | |

| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | আয়তন (একর) | সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ইছালিয়া ছড়া | জারুলিয়া চা বাগান | ১৫৬ | ৬৬১, ৬৮৫, ১৪৮৩, ১৮৫০, ২১৭৭ | ৩৯.৩৬ | ৮২২৯৭০৩ | |
| | | গোবর মলা চা বাগান | ১৫৫ | ১২০৬, (১২৮০/২৪৯০), (১৫৯৪/২৪৯৬), (১২৮০/২৪৯১) | | | |
| | | গাজীপুর চা বাগান | ১৫৪ | ১ | | | |
| | | উছমানপুর | ১৬০ | ১৩৬৭, ১৪৪১, ১৫৪৩, ১৫৪৪, ১১৬৮, ২০৩৬, ২০৪১, ২০৯৫, ২২০০, ২৬৬৮ | | | |
| | | দুধপাতিল | ১৬১ | (২৫১/২৯৪), ১০২০, ১২৫৭ | | | |
| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | আয়তন (একর) | সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা) | মন্তব্য |
| ৫ | কামাই ছড়া | (ক অংশ) ভাদেশ্বর | ক অংশঃ ৯৩ | ৩৫৩, ৩৫৪, ১৪১৭, ১৪১৮ | ৫.১৮ | ৮০০০০০ | |
| | | (খ অংশ) রশিদপুর চা বাগান | খ অংশঃ - | ৬৫৭, ১০ | | | |
| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | আয়তন (একর) | সরকারি ধার্যকৃত ইজারামূল্য (টাকা) | মন্তব্য |

| ক্রঃ নং | কোয়ারির নাম | মৌজার নাম | জেএল নং | দাগ নং | আয়তন (একর) | সরকারি ধার্য কৃত ই জারামূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৬ | ধলিয়া ছড়া | রামপুর চা বাগান | খতি নং ২, ৪ | ৬০, ৬১, ৬২, ৬৩ | ৭.৯৪ | ৩৩২০৩১৭ | |
| | | মায়জাবাদ হিলস | খতি নং ৪, ৯ | ২৭, ২৯৮, ৩২৯ | | | |
| **ক্রঃ নং** | **কোয়ারির নাম** | **মৌজার নাম** | **জেএল নং** | **দাগ নং** | **আয়তন (একর)** | **সরকারি ধার্য কৃত ই জারামূল্য (টাকা)** | **মন্তব্য** |
| ৭ | মনতলা চৌমুহনি | কাশিমপুর | ১৩৫ | ৩০৭, ৮৭৬ | ২০.৫৮ | ৭১০০০০১ | |
| | | আলবক্সপুর | ১৫৬ | ২৪১, ২৮৭ | | | |
| | | মনোহরপুর | ১৩৩ | ১৬২ | | | |
| | | মঙ্গলপুর | ১৫৫ | ৪১৫, ৫৩০, ১২৭৭, ১২৮২, ১২৩৬ | | | |
| | | গাজীপুর | ১৬০ | ১, ৮৭৭ | | | |
| | | আশ্রফপুর | ১৩২ | ৭, ১, ২ | | | |
| **ক্রঃ নং** | **কোয়ারির নাম** | **মৌজার নাম** | **জেএল নং** | **দাগ নং** | **আয়তন (একর)** | **সরকারি ধার্য কৃত ই জারামূল্য (টাকা)** | **মন্তব্য** |
| ৮ | মনতলা বালিমহাল | বোরহানপুর | ১১১ | ১, ২১০, ২০৬, ১৮০ | ২৬.৭২ | ৫৭২০০০০ | |
| | | ভবানীপুর | ১৩১ | ২৪, ৩০, ৬৬, ৭০, ৭৭, ২১১ | | | |
| | | দূর্লভপুর | ১২৫ | ১, ১০৭, ৮০১ | | | |
| | | আফজলপুর | ১২৪ | ২০২, ৪৩৭, ১৩৮১, ১৩১৫, ১৩১১ | | | |
| | | বহরা | ১৩৪ | ৪৩৬ | | | |
| **ক্রঃ নং** | **কোয়ারির নাম** | **মৌজার নাম** | **জেএল নং** | **দাগ নং** | **আয়তন (একর)** | **সরকারি ধার্য কৃত ই জারামূল্য (টাকা)** | **মন্তব্য** |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৯ | রসুলপুর | এক্তিয়ারপুর | ৬০ | ১, ২০, ৯৩, ১০২, ১১১, ৩৩৯ | ১৬.৭৬ | ১২২৬৫১০২ | |
| | | ভান্ডারুয়া | ৮৫ | ৪২০, ৬২৫, ৬২৬ | | | |
| | | শাহাজাহানপুর | | ৫৭৫, ৬৭৯, ৬৮৩, ৭১৩ | | | |
| | | সম্পদপুর | ৬৩ | ১৫৯, ২০২, ৪১৮, ৪৪২, ৪৮১, ৫১৯, ৬৭৪, ৬৪৬, ৬৫৩ | | | |
| | | বড় ডালিয় | | ৫৯২, ৫৯৫, ২৩৮, ১১৭ | | | |
| | | সেলিমপুর | ৪৬ | ৩১৫, ৩১০ | | | |
| | | রসুলপুর উত্তর | | ৩০৫ | | | |

## শর্তাবলি

০১। দরপত্রে অংশগ্রহণের আগে www.esheba.bomd.gov.bd-এ প্রবেশ করে নিবন্ধন করতে হবে। নিবন্ধন ব্যতীত কোনো দরপত্রে অংশগ্রহণ করা যাবে না।

০২। বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ পর্যন্ত প্রতি দরপত্রের জন্য ১০০০/-(এক হাজার) টাকা আবেদন ফি বাবদ **খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)**, ঢাকা এর অনুকূলে কোড নং-১/৪২৪১/০০০০/২৬৮১-তে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানের মূলকপি স্ক্যান করে অনলাইনে দরপত্র ফরম পূরণ করতে হবে। এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র ফরম (সিডিউল) অন্য দফায় দরপত্র ফরম হিসাবে ব্যবহার করা যাবে না। একজন ব্যক্তি/প্রতিষ্ঠান ০৫ টির বেশি কোয়ারির বিপরীতে দরপত্র দাখিল করতে পারবে না।

০৩। প্রতিটি সিলিকাবালু কোয়ারির জন্য পৃথক পৃথক দরপত্র সিলমোহরকৃত খামে এ কার্যালয়ের রাজস্ব শাখায় রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত দিনপঞ্জি মোতাবেক দাখিল করতে হবে। খামের উপরে বিবেচ্য সিলিকাবালু কোয়ারির নাম স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্র দাখিলের দিনে কোনো দরপত্র (সিডিউল) বিক্রয় করা হবে না। আবেদনের সাথে সংশ্লিষ্ট সিলিকাবালু কোয়ারির স্কেচম্যাপ/মৌজাম্যাপ সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে সংগ্রহক্রমে দাখিল করতে হবে।

০৪। দরপত্রের সাথে দরদাতার পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, জাতীয় পরিচয়পত্র (এনআইডি), আয়কর ও ভ্যাট প্রদানের সনদ, ট্রেড লাইসেন্স এবং যে কোনো তফসিল ব্যাংক হতে আর্থিক সচ্ছলতার সনদপত্রের কপি (সত্যায়িত) দাখিল করতে হবে।

০৫। দরপত্র দাখিলের সময় সিলিকাবালু কোয়ারির বিপরীতে উদ্বৃত ইজারামূল্যের ২৫% অর্থ আর্নেস্টমানি বাবদ যে কোনো তফসিল ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জেলা

প্রশাসক হবিগঞ্জ বরাবর জমা প্রদান করতে হবে। যোগ্য দরদাতা কর্তৃক আর্নেস্টমানি বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে রক্ষিত থাকবে এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা এর নির্দেশনামতে সমন্বয়/ফেরৎ প্রদান করা হবে। তবে নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ইজারামূল্য জমা প্রদানে ব্যর্থ হলে বিধি অনুযায়ী তা সরাসরি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্টমানি ফেরৎ প্রদান করা হবে।

০৬। যে সকল সিলিকাবালু কোয়ারির উপর সরকার/উচ্চ আদালত/দেওয়ানী আদালত বা অন্য কোনো আদালত কর্তৃক স্থগিতাদেশ/ স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল সিলিকাবালু কোয়ারি ইজারা স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এজন্য দেরীতে দখল বুঝে পাওয়ার অজুহাত দেখিয়ে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধির আবেদন সর্ব আদালতে আইনত অগ্রাহ্য হবে। এতৎব্যতীত কোনো সিলিকাবালু কোয়ারির কোনো দাগের উপর কিংবা সম্পূর্ণ সিলিকাবালু কোয়ারির উপর বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা উল্লেখ না হলেও ইজারা বহির্ভূত বলে গণ্য করা হবে।

০৭। দরপত্রের নির্দিষ্ট স্থানে দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্বৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোনো কাটা-ছেড়া অথবা ঘষামাজা কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর সরকার কর্তৃক কোয়ারি ইজারা অনুমোদিত হলে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাকে ইজারামূল্যের অর্থসহ প্রদত্ত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর এককালীন পরিশোধ করতে হবে এবং বিধি অনুযায়ী মহাপরিচালক খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা-এর সাথে নিজ দায়িত্বে কোয়ারি ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনপূর্বক ব্যুরো হতে ইজারা মঞ্জুরিপত্র ও কার্যাদেশ দেওয়া হবে। যথাসময়ে সম্পূর্ণ ইজারামূল্য ও সরকারি অন্যান্য পাওনাদি পরিশোধে ব্যর্থতায় দাখিলকৃত আর্নেস্টমানি বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং সিলিকাবালু কোয়ারিটি পুনঃইজারা প্রদান করা হবে।

০৯। অনুমোদিত দরদাতা/ইজারাগ্রহীতা কোনক্রমেই কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত ইজারাপ্রাপ্ত সিলিকাবালু কোয়ারি অন্যের নিকট সাবলিজ প্রদান করতে পারবেনা। পূর্বানুমতি ব্যতীত সাব-লিজ প্রদান করা হলে ইজারা বাতিলপূর্বক প্রদত্ত নিরাপত্তা জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। প্রতি পর্যায়ে ইজারার জন্য গৃহীত দরপত্র ব্যতীত অবশিষ্ট সিলিকাবালু কোয়ারিসমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। প্রতিটি পর্যায়ের অ-ইজারাকৃত সিলিকাবালু কোয়ারিসমূহের তালিকা পরবর্তী পর্যায়ে আবেদন ফরম ক্রয়ের পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর রাজস্ব শাখা হতে জানা যাবে।

১১। যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে সিলিকাবালু কোয়ারি ইজারা সংক্রান্ত জেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র কিংবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে বাস্তবতার নিরিখে সিলিকা বালু কোয়ারির তফসিল হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোনো সময় যে কোনো পর্যায়ে এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/ স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। দরপত্র যে পর্যায়ে বা সময়ে আহ্বান করা হউক না কেন ইজারা মঞ্জুরির তারিখ হতে ১৪৩১ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত সংশ্লিষ্ট সিলিকা বালু কোয়ারির ইজারা মেয়াদ বলবৎ থাকবে। ইজারা মঞ্জুরি প্রদানে বিলম্ব হয়েছে বা দখল গ্রহণে বিলম্ব হয়েছে, বৃষ্টি না হওয়া, উজান হতে বালু আসেনি, পানি প্রবাহে বাঁধ দেয়া বা বাঁধ না ছাড়ার কারণে কোয়ারি এলাকায় সিলিকাবালু জমা হয়নি এরূপ অজুহাতে ইজারা মেয়াদ বর্ধিত করার আবেদন দাখিল করা যাবে না। এরূপ আবেদন সর্ব আদালতে সর্বাবস্থায় অগ্রাহ্য হবে।

১৩। ইজারা মঞ্জুরির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কোয়ারির দখল ইজারাগ্রহীতার অনুকূলে হস্তান্তর করা হবে। ইজারা মঞ্জুরির পূর্বে কোয়ারি হতে সিলিকাবালু উত্তোলন করা যাবে না। এরূপ উত্তোলন সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে। এছাড়া সরকার/কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/আদেশ/নির্দেশ প্রতিপালন করতে হবে। সরকারি নীতিমালা মোতাবেক ও সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধানের আলোকে যে কোনো প্রকারের কর, ডিউটি ইত্যাদি প্রদান/পরিশোধ করতে ইজারাগ্রহীতা বাধ্য থাকবেন।

১৪। ভূ-উপরিভাগ হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) মিটার গভীরতা পর্যন্ত অযান্ত্রিক পদ্ধতিতে (কোদাল, শাবল, বালতি ও ঝুড়ি) পরিকল্পিতভাবে পিট (কুপ/গর্ত) খনন করে সিলিকা বালু উত্তোলন করতে হবে। সিলিকাবালু উত্তোলন শেষে মাটি/বালু দিয়ে পুনরায় খননকৃত পিট (কুপ/গর্ত) ভরাট করে দিতে হবে।

১৫। কোয়ারির অস্তিত্ব রক্ষায় এবং পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বোমা মেশিন/ড্রেজার বা অন্য যে কোনো ধরনের যন্ত্রের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং জনস্বার্থ ক্ষুণ্ন হয় এমন কার্যক্রম থেকে বিরত থাকতে হবে।

১৬। ইজারাগ্রহীতা সিলিকা বালু উত্তোলনকালে খননকৃত কুপের ঢাল, পরিসীমা/চৌহদ্দি যথাযথভাবে বজায় রাখবেন ও সংরক্ষণ করবেন।

১৭। বালু জমাট করে কোনভাবেই নদীর গতিপথ বন্ধ করা যাবে না। নদীর তীরবর্তী এলাকায় পিট (কুপ/গর্ত) খনন করে সিলিকা বালু উত্তোলনের ক্ষেত্রে নদীর তীর ভাঙ্গন কিংবা নদীর গতিপথ পরিবর্তন হয় এমন কার্যক্রম থেকে বিরত থাকতে হবে।

১৮। সিলিকা বালু কোয়ারি সংলগ্ন নদীর পাড় বাঁধ ইত্যাদি রক্ষার্থে ইজারা গ্রহীতা নিজ ব্যয়ে ডাইভারশন করে বালু উত্তোলন করবেন। কোনোক্রমেই বাঁধ/পাড়ের ক্ষতি সাধন করা যাবে না। কোনোক্রমেই জনস্বাস্থ্য ও জনস্বার্থ বিঘ্নিত করা যাবে না। রাস্তাঘাট, চা-বাগান এবং জনগুরুত্বপূর্ণ জাতীয় স্থাপনা/স্থাপনাসমূহের কোনো ক্ষতিসাধন করা যাবে না এবং সর্বাবস্থায় ইহা ইজারা বহির্ভূত বলে গণ্য হবে। পরিবেশের ভারসাম্য বিনষ্ট করা যাবে না ও পরিবেশ প্রকৃতির পরিপন্থি কোনো কার্যক্রম চালানো যাবেনা।

১৯। সেতু, কালভার্ট, ড্যাম, ব্যারেজ, বাঁধ, সড়ক, মহাসড়ক, রেললাইন ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনা হতে সর্বনিম্ন ১৫০ (একশত পঞ্চাশ) মিটার, বসত বাড়ি, জনপথ, ভবন, বাজার, শিক্ষা স্থাপনা ও কবরস্থান হতে সর্বনিম্ন ৫০ (পঞ্চাশ) মিটার এবং বৈদুতিক থাম/টাওয়ার, সেতু (দৈর্ঘ্য ৩০ মিটার পর্যন্ত, গ্যাস লাইন (উচ্চ চাপ) হতে ২৫ (পঁচিশ) মিটার দূরত্ব বজায় রেখে কোয়ারি কার্যক্রম পরিচালনা করতে হবে।

২০। সিলিকা বালু কোয়ারি ইজারাকালীন কোনো কোয়ারির উপর মামলা দায়ের/উদ্ভব হলে কেবল ঐ কোয়ারির ইজারা কার্যক্রম সংশ্লিষ্ট মামলার আদেশ/নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে।

এছাড়া, বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশের কারণে ইজারাদার ক্ষতিগ্রস্ত হলে এর জন্য কোনোরূপ ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

২১। অনলাইনে পূরণকৃত/দাখিলকৃত দরপত্রের ১ সেট (সংযুক্তিসমূহ এবং উদ্ধৃত ইজারামূল্যের ২৫% আর্নেস্টমানি বাবদ ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ) জেলা প্রশাসন, হবিগঞ্জ কর্তৃক সংরক্ষিত টেণ্ডার বাক্সে নির্ধারিত তারিখে আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে।

২২। এ দরপত্র বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয় হবিগঞ্জের ওয়েবসাইট (www.habiganj.gov.bd) ও খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ওয়েবসাইট (www.bomd.gov.bd)-এ পাওয়া যাবে।

৭-৩-২০২৩

**ইশরাত জাহান**

**জেলা প্রশাসক**

ফোন: ০৮৩১-৬২১০০

ইমেইল: dchabiganj@mopa.gov.bd

বিতরণ :

১) সম্পাদক, দৈনিক বাংলা, ঢাকা (তাঁর পত্রিকার ভেতরের পাতায় স্বল্প পরিসরে কেবল একদিনের জন্য বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

২) সম্পাদক, দৈনিক হবিগঞ্জের মুখ, হবিগঞ্জ (তাঁর পত্রিকার ভেতরের পাতায় স্বল্প পরিসরে কেবল একদিনের জন্য বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০১৮.০২.০০৬.২২.১ /১(৫)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
৭ মার্চ ২০২৩

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৩) বিভাগীয় কমিশনার, সিলেট;

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা;

৫)	মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা;

৬)	জেলা প্রশাসক, সুনামগঞ্জ/সিলেট/মৌলভীবাজার;

৭)	পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় সিলেট;

৮)	পুলিশ সুপার, হবিগঞ্জ;

৯)	বিভাগীয় প্রধান,...................................................... হবিগঞ্জ;

১০)	উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর/চুনারুঘাট/বাহুবল, হবিগঞ্জ;

১১)	সহকারী কমিশনার ভূমি, মাধবপুর/চুনারুঘাট/বাহুবল, হবিগঞ্জ(বিজ্ঞপ্তিটি তাঁর এলাকার গুরুত্বপূর্ণ স্থানে/হাটেবাজারে মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);

১২)	সহকারী কমিশনার,আইসিটি শাখা, হবিগঞ্জ(বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);

১৩)	জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ(বিজ্ঞপ্তিটি তাঁকে গুরুত্বপূর্ণ স্থানে/হাটেবাজারে মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);

১৪)	অফিস কপি/নোটিশ বোর্ড।

৭-৩-২০২৩

**ইশরাত জাহান**

**জেলা প্রশাসক**